

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৮৩

১৭. যুদ্ধাভিযান অধ্যায় (کتاب السیر)

পরিচ্ছেদঃ ৮. (মুশরিকদের) বিরুদ্ধে যুদ্ধ করার পূর্বে তাদেরকে ইসলামের প্রতি আহ্বান জানানো

بَابِ فِي الدَّعْوَةِ إِلَى الْإِسْلَامِ قَبْلَ الْقِتَالِ

## আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ سُفْيَانَ عَنْ ابْنِ أَبِي نَجِيحٍ عَنْ أَبِيهِ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ مَا قَاتَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَوْمًا حَتَّى دَعَاهُمْ قَالَ عَبْد اللَّهِ سُفْيَانُ لَمْ يَسْمَعْ مِنْ ابْنِ أَبِي نَجِيحٍ يَعْنِي هَذَا الْحَدِيثَ

## বাংলা

২৪৮৩. ইবনু আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোনো রুওমকে (ইসলামের দিকে) দাওয়াত না দেওয়া পর্যন্ত তাদের সাথে যুদ্ধ করেননি।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ক: এর বর্ণনাকারীগণ সকলেই বিশ্বস্ত। তবে সুফিয়ান ইবনু আবী নাজীহ হতে হাদীস শ্রবণ করেননি, যেমনটি দারেমী বলেছেন। তবে হাদীসটি সহীহ। অনেক বিশ্বস্ত রাবী হতে এর মুতাবিয়াত বর্ণিত আছে।

তাখরীজ: আহমাদ ১/২৩১, ২৩৬; মুসনাদুল মাউসিলী নং ২৪৯৪, ২৫৯১; তাবারাণী, কাবীর ১১/১৩২ নং ১১১৫৯, ১১২৭০, ১১২৭১; বাইহাকী, সিয়ার ৯/১০৭; হাকিম নং ৩৮; ইবনু আব্দুল বারর, আত তামহীদ ২/২১৭।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন